



বগুড়ার সান্তাহারে নীলসাগর এক্সপ্রেস দুর্ঘটনা, রেল যোগাযোগ বন্ধ



ছবি: সংগৃহীত

বগুড়ার সান্তাহার সংলগ্ন ডাকবাড়ি এলাকায় নীলসাগর এক্সপ্রেস ট্রেনের একাধিক বগি লাইনচ্যুত হয়ে দুর্ঘটনা ঘটেছে। ট্রেনের ছাদে অবস্থান করা কয়েকজন যাত্রী নিচে পড়ে আহত হয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে।

ঢাকা থেকে চিলাহাটি অভিমুখে যাত্রারত ট্রেনটি বুধবার দুপুরে ঘটনাস্থলে পৌঁছালে অন্তত ৯টি বগি লাইনচ্যুত হয়। এতে বেশ কয়েকজন যাত্রী আহত হন। দুর্ঘটনার পর স্থানীয়রা তাত্ক্ষণিকভাবে উদ্ধারকাজ শুরু করেন। পরে রেলওয়ে কর্তৃপক্ষ ও ফায়ার সার্ভিস সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার তৎপরতায় অংশ নেন। আহতদের দ্রুত আশপাশের হাসপাতালে নেওয়া হয়েছে।

ঘটনাস্থলে দেখা গেছে, লাইনচ্যুত বগিগুলো রেলপথ থেকে সরে গেছে এবং রেললাইনের স্লিপার ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বগিগুলো সরিয়ে লাইন সচল করতে সময় লাগতে পারে বলে স্থানীয়দের ধারণা।

সান্তাহার রেলওয়ে পুলিশ জানায়, ওই এলাকায় রেললাইনের মেরামত কাজ চলছিল এবং সতর্কতার জন্য লাল পতাকা ব্যবহার করা হয়েছিল। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য, ট্রেনটি দ্রুতগতিতে আসায় দুর্ঘটনাটি ঘটে। এ সময় অনেকে ছাদ থেকে লাফিয়ে পড়ে আহত হন।

দুর্ঘটনার পর ঢাকার সঙ্গে উত্তরবঙ্গের কিছু এলাকার রেল যোগাযোগ সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। ট্রেন চলাচল স্বাভাবিক হতে কত সময় লাগবে, তা এখনও নিশ্চিত নয়।